# ১৪তম কার্যনির্বাহী সভার কার্যবিবরণী

তারিখ: **০৮ নভেম্বর ২০২৫**, রোজ শনিবার
সময়: **রাত ১০.০০ ঘটিকা**
স্থান: **অনলাইন (Zoom) মিটিং**

---

**সভাপতিত্ব:**

সভায় সভাপতিত্ব করেন এসোসিয়েশনের সভাপতি জনাব কাজী মোহাম্মদ রহমতউল্লাহ।

**সভার সূচনা:**

- সভার শুরুতেই সভাপতি জনাব কাজী মোহাম্মদ রহমতউল্লাহ সবাইকে আন্তরিক ভালোবাসা জানান এবং সাংস্কৃতিক সচিব জনাব মোঃ তারিক সিরাজ কে সভার কার্যক্রম শুরু করার জন্য অনুরোধ করেন।
- সাংস্কৃতিক সচিব মোঃ তারিক সিরাজ সবাইকে সালাম জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং সবাইকে আজকের আলোচ্যসূচি অনুসারে আলোচনা শুরু করার আহ্বান জানান।

---

**সভায় উপস্থিত ছিলেন:**

১. জনাব কাজী মোহাম্মদ রহমতউল্লাহ ‘ সভাপতি

২. জনাব মোঃ মাসুদ রেজা ‘ সিনিয়র সহ-সভাপতি

৩. জনাব এ.টি.এম কামাল হোসেন ‘ সহ-সভাপতি

৪. জনাব তানভীর মোরশেদ চৌধুরী ‘ সহ-সভাপতি

৫. জনাব মাহবুব রাশেদ রুবেল ‘ যুগ্ম মহাসচিব

৬. জনাব মুফতি মোঃ ইসহাক ‘ কোষাধ্যক্ষ

৭. জনাব মোঃ মনির হোসেন ‘ সহ-কোষাধ্যক্ষ

৮. মোঃ এমদাদ-উল-হক  ‘ সাংগঠনিক সচিব

৯. জনাব মোঃ ইসহাক ‘ সহ-সাংগঠনিক সচিব

১০. জনাব সোহেল সিকদার জুম্মন ‘ দপ্তর ও পাঠাগার সচিব

১১. জনাব মোঃ জুলহাস সারোয়ার ‘ সহ-দপ্তর ও পাঠাগার সচিব

১২. জনাব শাহাদত হোসেন ‘ ক্রীড়া সচিব

১৩. মিজানুর রহমান আপেল খান ‘ প্রচার ও জনসংযোগ সচিব

১৪. জনাব মোঃ তারিক সিরাজ ‘ সাংস্কৃতিক সচিব

১৫. জনাব মোঃ আরিফুল ইসলাম ‘ সহ-সাংস্কৃতিক সচিব

১৬. জনাব মোহাম্মদ রফিউল করিম ‘ নির্বাহী সদস্য

১৭. জনাব মোঃ নুরুজ্জামান ‘ নির্বাহী সদস্য

১৮. জনাব মোঃ রাশেদ খান ‘ নির্বাহী সদস্য

১৯. জনাব মোহাম্মদ এহতেশাম হাকিম ‘ নির্বাহী সদস্য

অসুস্থতা, পারিবারিক ও ব্যবসায়িক কাজের কারণে যারা উপস্থিত থাকতে পারে নাই তারা আমাদেরকে অবগত করেছেন এবং সভায় যে সকল সিদ্ধান্ত গ্রহন করা হবে তার সাথে সহমত পোষণ করবেন।

২০. জনাব আসলাম পারভেজ মিঠু ‘ মহাসচিব
২১. জনাব মোহাম্মদ জাফর ‘ সহ সভাপতি
২২. জনাব মোঃ মুহিত হোসেন ‘ নির্বাহী সদস্য
২৩. জনাব মিফতাহুর রহমান ‘ নির্বাহী সদস্য

---

**সভার আলোচ্যসূচীঃ**
১. বার্ষিক বনভোজন আয়োজন সম্পর্কে পর্যালোচনা ও সিদ্ধান্ত।

২. রক্তদান কর্মসূচি প্রসঙ্গে আলোচনা।

৩. বিবিধ

---

## সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহ

### ১. দপ্তর ও পাঠাগার সচিব সোহেল সিকদার জুম্মন

- মিটিংয়ের শুরুতে রিসোর্টের সম্ভাব্য বাজেট প্রেরণ করেন এবং রিসোর্ট সম্পর্কে বিস্তারিত জানানোর জন্য সবাইকে আহ্বান জানান।

### ২. সহ-সভাপতি এ.টি.এম কামাল হোসেন

- রিসোর্ট ভাড়া করলে ভালো হতো, কিন্তু বাজেট অতিরিক্ত লাগবে বিধায় নৌবিহারের জন্য অন্য কোনো স্থান ভালো বিকল্প হতে পারে।
- রি-ইউনিয়নের মতো যাতে বাজেট ঘাটতি না হয় সেদিকে নজর রাখতে হবে।
- নৌবিহারের বিষয়ে তিনি সহমত পোষণ করেন।

### ৩. সহ-সভাপতি তানভীর মোরশেদ চৌধুরী

- ১৪ তারিখের স্কাউট প্রোগ্রামে সবাই আমন্ত্রিত।

- নৌবিহারে এমন কাউকে নেওয়া যাবে না, যারা অপ্রীতিকর কিছু ঘটাতে পারে।
- সবাইকে সতর্ক থাকতে হবে।
- নৌবিহারের বিষয়ে সহমত পোষণ করেন।

**৪. সিনিয়র সহ-সভাপতি মোঃ মাসুদ রেজা**

- বাজেট বেশি লাগায় রিসোর্ট ভাড়া না করে নৌবিহারের জন্য অন্য কোনো স্থানকে ভালো বিকল্প হিসেবে বিবেচনা করা যেতে পারে।
- যা করলে সবার জন্য ভালো হয় এবং কম খরচে করা যায় সেটিই করার পরামর্শ দেন। জন প্রতি ১৫০০ টাকা ধার্য করার অনুরোধ করেন।
- এই বারের বনভোজনটি নৌবিহার হিসেবে আয়োজনের বিষয়ে সহমত পোষণ করেন।

**৫. সাংগঠনিক সচিব এমদাদ উল হক**

- জুম মিটিংয়ে উপস্থিত হওয়ার জন্য সবাইকে ধন্যবাদ জানান।
- প্রথমেই নৌবিহারে যাওয়ার জন্য সহমত পোষণ করেন।
- গত নৌবিহার সুন্দরভাবে সম্পন্ন করার জন্য সাংস্কৃতিক সচিব মোঃ তারিক সিরাজসহ তার কমিটিকে ধন্যবাদ জানান। আগামীর নৌবিহার যেন আরও ভালো হয় সে বিষয়ে গুরুত্ব দেওয়ার অনুরোধ করেন।
- আগামী নৌবিহারে ৬০ জন সদস্য রেজিষ্ট্রেশন করবেন বলে আশা ব্যক্ত করেন।

**৬. প্রচার ও জনসংযোগ সচিব মিজানুর রহমান আপেল খান**

- নৌবিহার আয়োজন করার বিষয়টিতে সহমত পোষণ করেন।

**৭. সহ-কোষাধ্যক্ষ মোঃ মনির হোসেন**

- নৌবিহারের শুরুতে যে টাকা লাগবে সেই ব্যবস্থাপনার বিষয়ে পদক্ষেপ নেওয়ার প্রস্তাব দেন।
- নৌবিহার সুন্দরভাবে আয়োজন ও পরিচালনার জন্য সাংস্কৃতিক সচিব মোঃ তারিক সিরাজের দৃষ্টি আকর্ষণ করেন।
- নৌবিহারে যাওয়ার বিষয়ে সহমত পোষণ করেন।

**৮. সহ সাংস্কৃতিক সচিব মোঃ আরিফুল ইসলাম অপু**

- নৌবিহার একটি ভালো বিকল্প হতে পারে।
- নৌবিহারে যাওয়ার বিষয়ে সহমত পোষণ করেন।

**৯. নির্বাহী সদস্য মোহাম্মদ রফিউল করিম**

- নৌবিহার করার সিদ্ধান্ত নেওয়া যেতে পারে।

**১০. নির্বাহী সদস্য মোহাম্মদ এহতেশাম হাকিম**

- নৌবিহারকে সম্ভাব্য কর্মসূচি হিসেবে বিবেচনা করা যেতে পারে।

### ১১. সহ দপ্তর ও পাঠাগার সচিব মোঃ জুলহাস সারোয়ার

- নৌবিহারকে বিকল্প আয়োজন হিসেবে গ্রহণ করা যেতে পারে।
- এই বিষয়ে তিনি সহমত পোষণ করেন।

### ১২. ক্রীড়া সম্পাদক শাহাদাত হোসেন

- নৌবিহারের সফল আয়োজনের জন্য সকলকে শুভকামনা জানান।

### ১৩. সহ সাংগঠনিক সচিব মোঃ ইসহাক

- বিভিন্ন রিসোর্টে যোগাযোগ করা হয়েছে এবং খরচের তথ্য যুগ্ম মহাসচিব মাহবুব রাশেদ রুবেল এবং সাংস্কৃতিক সচিব মোঃ তারিক সিরাজকে প্রদান করা হয়েছে।
- নৌবিহারে যাওয়ার বিষয়ে সহমত পোষণ করেন।

### ১৪. যুগ্ম মহাসচিব মাহবুব রাশেদ রুবেল

- শুরুতেই বনভোজনের জন্য বিভিন্ন রিসোর্টে যোগাযোগের পর দেখা যায় জন প্রতি ৩৫০০–৪০০০ টাকা প্রয়োজন, যা সদস্যদের পক্ষে কষ্টসাধ্য।
- তাই নৌবিহার একটি ভালো বিকল্প হতে পারে, যেখানে জন প্রতি খরচ আনুমানিক ১০০০–১২০০ টাকার মধ্যে থাকবে।
- আগামী কার্যনির্বাহী সভায় নৌবিহারের যাবতীয় আয়-ব্যয়সহ বাজেট উপস্থাপন করা হবে।
- নৌবিহারে যাওয়ার বিষয়ে সহমত পোষণ করেন।

### ১৫. সাংস্কৃতিক সচিব মোঃ তারিক সিরাজ

- নৌবিহার আয়োজন বিষয়ক করণীয় সম্পর্কে মত প্রদান করেন।
- জানুয়ারির প্রথম দিকে এই প্রোগ্রাম অনুষ্ঠিত হবে বলে আলোচনা করেন।
- চাঁদা ১২০০ থেকে ১৫০০ টাকার মধ্যে রাখার বিষয়ে আলোচনা হয় বলে জানান।
- সবাই মোটামুটি নৌবিহারের জন্য সদস্য যোগাড় করবেন বলে প্রতিশ্রুতি দিয়েছেন‘এ বিষয়ে তিনি আশা প্রকাশ করেন।
- আগামী ১৫তম কার্যনির্বাহী সভায় নৌবিহার বনভোজনের জন্য ১২০০ ও ১৫০০ টাকার দুটি পৃথক বাজেট উপস্থাপনের পর সম্মতিক্রমে চাঁদার পরিমাণ চূড়ান্ত করা হবে।
- নৌবিহার সফল করতে সকল সদস্যের সহযোগিতা কামনা করে বক্তব্য শেষ করেন।

---

### সভাপতির বক্তব্য ও সিদ্ধান্ত

- সভার আলোচনার প্রেক্ষিতে সভাপতি নৌবিহার আয়োজনের সিদ্ধান্ত গৃহিত করেন।
- আগামী সভায় আলোচনা করে নৌবিহারের স্থান ও তারিখ নির্ধারণ করা হবে।
- নৌবিহার সফলভাবে বাস্তবায়নের জন্য সাংস্কৃতিক সচিব মোঃ তারিক সিরাজকে আগামী ১৫তম কার্যনির্বাহী সভায় একটি পূর্ণাঙ্গ পরিকল্পনা উপস্থাপনের নির্দেশ প্রদান করেন।
- আগামী সভায় রক্তদান কর্মসূচি প্রসঙ্গে আলোচনা করা হবে।

- সকলের সম্মতিক্রমে আগামী ১৪ই নভেম্বর, শুক্রবার রাত ৮:০০ টায় স্কুলের ১০৫ নম্বর কক্ষে ১৫তম কার্যনির্বাহী সভার দিন ধার্য করেন।
- একইসাথে ১৪ তারিখের স্কাউট প্রোগ্রামে উপস্থিত থাকার জন্য সকল সদস্যদের অনুরোধ করেন।

---

**সভা সমাপ্তি**

সভাপতির ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে অনলাইন (Zoom) মিটিংয়ের সমাপ্তি ঘোষণা করা হয়।

কাজী মোহাম্মদ রহমতউল্লাহ
সভাপতি
অ্যালামনাই এসোসিয়েশন
ঢাকা গভ. মুসলিম হাই স্কুল

আসলাম পারভেজ মিঠু
মহাসচিব
অ্যালামনাই এসোসিয়েশন
ঢাকা গভ. মুসলিম হাই স্কুল